# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - মিসওয়াক করা প্রসঙ্গে

## আরবী

وَعَنْهَا قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَاكُ فَيُعْطِينِي السِّوَاكَ لِأَغْسِلَهُ فَأَبْدَأُ بِهِ فَأَسْتَاكُ ثُمَّ أَغْسِلُهُ وَأَدْفَعُهُ إِلَيْهِ. رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৩৮৪-[৯] উক্ত রাবী ['আয়িশাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিসওয়াক করতেন। অতঃপর ধুয়ে রাখার জন্য তা আমাকে দিতেন। আমি (ধোয়ার আগে) ঐ মিসওয়াক দিয়ে নিজে মিসওয়াক করতাম। তারপর তা ধুয়ে তাঁকে ((রাঃ)-কে) দিতাম। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ৫২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَأَبْدَأُ بِه فَأَسْتَاكُ) ‘‘আমি প্রথমে ঐ মিস্ওয়াক দিয়ে নিজে মিস্ওয়াক করতাম।’’ অর্থাৎ- ‘আয়িশাহ্ (রাঃ) ঐ মিস্ওয়াক ধোয়ার আগে তা দিয়ে নিজে মিসওয়াক করতেন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর থু থু মিশ্রিত মিসওয়াক থেকে বারাকাত হাসিলের জন্য। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোন কিছু দ্বারা বারাকাত অর্জন করা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য খাস। অতএব অন্য কোন ব্যক্তির কোন কিছু দ্বারা বারাকাত অর্জন করা বৈধ নয়।

শিক্ষা: (১) অনুমতিক্রমে অন্যের মিস্ওয়াক ব্যবহার করা বৈধ,

(২) মিস্ওয়াক ব্যবহার করার আগে ওপরে তা ধুয়ে নেয়া সুন্নাত।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54943

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন